গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//:lddp.portal.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০০.৮২৮.৩৯.০০৬.২১.-১৬৪৭ তারিখঃ ১৩/১১/২০২২খ্রি.

**বিষয়ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে উদ্ভাবনী ডেইরি-খামারীদের প্রদর্শনী খামার স্থাপনে অনুমোদিত গাইড-লাইনের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে উদ্ভাবনী ডেইরি-খামারীদের প্রদর্শনী খামার (Demo Farm with Innovative Private Farmers) স্থাপনের সংস্থান রয়েছে।

তদপ্রেক্ষিতে, প্রকল্প দপ্তর কর্তৃক প্রণয়নকৃত গাইড-লাইনের আলোকে উপজেলা পর্যায়ে উদ্ভাবনী ডেইরি প্রদর্শনী খামার (Demo Farm with Innovative Private Farmers) স্থাপনের লক্ষ্যে উপযুক্ত খামারি নির্বাচনপূর্বক নামের তালিকা আগামী ৩০/১১/২০২২খ্রি. তারিখের মধ্যে পিএমইউ-এলডিডিপিতে হার্ড-কপি এবং সফট কপি (ই-মেইল- lddp@dls.gov.bd) প্রেরণর জন্য অনুরোধ করা হলো।

১৩/১১/2022

(মো. আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন নংঃ ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইলঃ lddp@dls.gov.bd

প্রাপক
উপজেলা প্রাণিসম্পদ কর্তকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, --------------------।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী/রংপুর/ঢাকা/খুলনা/বরিশাল/ময়মনসিংহ/সিলেট/চট্টগ্রাম।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর,---------------।
৬। অফিস কপি।

# বেসরকারী পর্যায়ে উদ্ভাবনী ডেইরি-খামারীদের প্রদর্শনী খামার স্থাপন সংক্রান্ত নির্দেশিকা

# (Guidelines for the Establishment of Demo Farms with Innovative Private Dairy Farmers)

প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//: lddp.portal.gov.bd

# বেসরকারী পর্যায়ে উদ্ভাবনী ডেইরি-খামারীদের প্রদর্শনী খামার স্থাপন সংক্রান্ত নির্দেশিকা

# (Guidelines for the Establishment of Demo Farms with Innovative Private Dairy Farmers)

**ভূমিকাঃ**

বাংলাদেশের গ্রাম পর্যায়ে নতুন প্রযুক্তি প্রয়োগ করতে হলে সাধারণতঃ তার ফলাফল প্রদর্শন করে খামারীদের মাঝে তা পরিচিত ও জনপ্রিয় করা হয় যা পরবর্তিতে বিস্তার লাভ করে থাকে। সংশ্লিষ্ট ক্ষেত্রে নতুন প্রযুক্তি প্রয়োগ করে খামারের উৎপাদন এবং আয় বৃদ্ধির মাধ্যমে প্রযুক্তিসমূহ খামারীর নিকট গ্রহণযোগ্যতা পেয়ে থাকে। এজন্য বাংলাদেশের গ্রাম পর্যায়ে নতুন প্রযুক্তি ব্যবহার করতে হলে তা প্রদর্শনীর মাধ্যমে পরিচিত করতে হবে। ইহার ফলে লাগসই প্রযুক্তিসমূহ জনপ্রিয়তা পাবে এবং যা ব্যাপকভাবে সম্প্রসারণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করে খামারীগণ আর্থিকভাবে লাভবান হতে পারবেন। এলক্ষ্যে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতাধীন এলাকায় প্রাণিসম্পদ-এর বিভিন্ন ভ্যালু চেইনের ৪৬৫টি প্রদর্শনী খামার স্থাপনের সংস্থান রয়েছে। প্রস্তাবিত প্রদর্শনী খামার সমূহ প্রকল্প এলাকার চাহিদা, সম্ভব্যতা, প্রাণিসম্পদ-এর বিভিন্ন প্রজাতির ঘনত্ব এবং ডেইরি ও গরু হৃষ্ট-পুষ্টকরণ উৎপাদনকারী দলের আনুপাতিক সংখ্যানুসারে সংশ্লিষ্ট খামারে নতুন এবং উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার করা হবে।

**উদ্দেশ্যঃ**

প্রদর্শনীর মাধ্যমে খামারীদেরকে উৎপাদন ও বাজার ব্যবস্থাপনার সহিত সম্পৃক্ত করে লাভজনকভাবে ব্যবসা পরিচালনার লক্ষ্যে প্রদর্শনীলব্ধ জ্ঞান ও ফলাফলকে মাঠ পর্যায়ে বিস্তৃত করা।

**এ নির্দেশিকাটি শুধুমাত্র ডেইরি প্রদর্শনী খামার স্থাপনের জন্য প্রযোজ্য হবে যার বিবেচ্য বিষয়াবলী নিম্নরুপঃ**

- প্রদর্শনী খামারী প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের উৎপাদনকারী দল (পিজি) বহির্ভূত হবেন;
- প্রদর্শনী খামারসমূহের খামারীর নিজস্ব জমিতে আদর্শ ও উন্নত ব্যবস্থাপনা সম্বলিত সুযোগ-সুবিধা রেখে স্থাপন করতে হবে;
- প্রদর্শনী খামারসমূহ প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় আলোচ্য নীতিমালার ভিত্তিতে স্থাপন করা হবে;
- প্রদর্শনী খামারসমূহ অবশ্যই প্রকল্প এলাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং
- প্রকল্প এলাকায় ডেইরি ভ্যালু চেইন-এর ম্যাপিং অনুসারে প্রদর্শনী খামার সমূহ স্থাপনের জন্য বরাদ্দ দেয়া হবে।

**প্রদর্শনী খামার নির্বাচন, স্থাপন ও পরিচালনা পদ্ধতিঃ**

**<u>ক) ডেইরি খামার/খামারী নির্বাচনের মানদন্ডঃ</u>**

(১) খামারীর কমপক্ষে ৪টি দুগ্ধবতী সংকর জাতের গাভী থাকতে হবে যার মধ্যে এবং অন্তত: ২টি দুগ্ধদানরত থাকবে যা হতে বছরব্যাপী খামারে দৈনিক গড়ে ১০লি. দুধ উৎপাদন হবে;

(২) ঘাস চাষের জন্য প্রয়োজনীয় জমি থাকতে হবে এবং তিনি উক্ত জমি প্রদর্শনীর কাজে ব্যবহার করতে ইচ্ছুক থাকবেন;

(৩) খামারে প্রয়োজনীয় স্থাপনা যেমন- গরুর থাকার জায়গা, খাদ্য সংরক্ষণ ব্যবস্থা ইত্যাদি থাকতে হবে;

(৪) খামারীর নিজস্ব সাইলেজ পিট থাকতে হবে অথবা নিজ খরচে প্রকল্প কর্তৃক নির্ধারিত ডিজাইনের সাইলেজ পিট তৈরী করতে হবে;

(৫) খামারীর নিজস্ব সচল বায়ো-গ্যাস প্ল্যান্ট থাকতে হবে অথবা নিজ খরচে প্রকল্প কর্তৃক নির্ধারিত ডিজাইনের বায়ো-গ্যাস প্ল্যান্ট স্থাপন করতে হবে;

(৬) খামারীকে অবশ্যই উদ্ভাবনী ও প্রগতিশীল হতে হবে এবং আধুনিক প্রযুক্তি গ্রহণে আগ্রহী হতে হবে;

(৭) খামারী কর্ম-এলাকার স্থায়ী বাসিন্দা ও স্থানীয়ভাবে পরিচিত হবেন এবং প্রদর্শনী সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে;

(৮) খামারের তথ্য সংরক্ষণ করার প্রয়োজনে খামারী বা পরিবারের কোন সদস্য শিক্ষিত হওয়া বাঞ্ছনীয়;

(৯) খামারীর নিজ খামার পরিচালনায় কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত খামারীকে অগ্রাধিকার প্রদান করা হবে;

(১০) এলডিডিপি ও ডিএলএস কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণে তাঁকে আগ্রহী থাকতে হবে;

(১১) খামারে ব্যবহৃত প্রযুক্তি অন্যান্য কৃষক/খামারীদের মাঝে সম্প্রসারণের (ফলাফল ও পদ্ধতি প্রদর্শনে) লক্ষ্যে মাঠ দিবস আয়োজনের জন্য সহায়তা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ হবেন;

(১২) অত্র প্রকল্প থেকে একই ধরণের অন্য কোন সহায়তা পেয়েছেন এমন কোন খামারীকে নির্বাচন করা যাবে না। সুনির্দিষ্ট প্রকল্প সহায়তা ব্যতীত প্রয়োজনে আনুসাঙ্গিক ব্যয় বহনে রাজী ও সক্ষম হতে হবে;

(১৩) যুবক, নারী ও ট্রান্সজেন্ডার খামারীকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং

(১৪) প্রদর্শনী খামার স্থাপন ও পরিচালনায় নিম্নোক্ত শর্তাবলী পালনে তিনি সম্পূর্ণরূপে সম্মত হবেনঃ

- প্রকল্প কর্তৃক নির্ধারিত ডিজাইনের গাভীর সেড নির্মানের জন্য কামপক্ষে ২৫ ফুট × ১৫ ফুট জায়গা এবং সাইলেজ পিট ও বায়ো-গ্যাস প্ল্যান্ট স্থাপনের জন্য চাহিদা অনুসারে পর্যাপ্ত নিজস্ব জায়গা দিতে হবে (অন্যের জায়গা কিংবা ভাড়া বা চুক্তি ভিত্তিক নয়);
- প্রতিটি প্রদর্শনী খামারে চলাচলের জন্য ভাল যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে যাতে উহা অনান্য সাধারণ খামারীদের নজরে আসে এবং যাতায়াতসহ পশু আনা-নেয়ায় সুবিধা হয়;
- খামারটি স্বাস্থ্যসম্মত পরিবেশ, পরিষ্কার, বন্যামুক্ত এবং খোলামেলা স্থানে স্থাপন করতে হবে;
- এলডিডিপি অনুমোদিত নকশা অনুযায়ী পূর্ব-পশ্চিমে লম্বা করে খামারের সেড নির্মান বা সংস্কার করা হবে। খামার নির্মান/সংস্কারে এবং উপকরণ সংগ্রহে খামারী প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;
- খামারের বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা স্বাস্থ্যসম্মত ও পরিবেশগতভাবে গ্রহণযোগ্য হতে হবে;
- খামারে বিদ্যুৎ সংযোগ সহ বিশুদ্ধ পানি সরবরাহের সু-ব্যবস্থা থাকতে হবে;
- প্রদর্শনী খামারের নিকটবর্তী এলাকার প্রাণী চিকিৎসা ও পরামর্শ গ্রহণের সুযোগ থাকতে হবে এবং
- খামার স্থাপনের জন্য সুনির্দিষ্ট মানদন্ডের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**খ) খামারী নির্বাচন প্রক্রিয়াঃ**

১। সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নেতৃত্বে গঠিত নিম্নোক্ত কমিটি কর্তৃক আগ্রহী খামারীর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র সংগ্রহ করবে;

**খামারী নির্বাচন/চাছাই কমিটি'র রূপরেখাঃ**

| ক্রমিক নং | কর্মকর্তা/প্রতিনিধির নাম | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২ | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (এলইও) (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৩ | উপসহকারী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (জেষ্ঠ্যতম-সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৪ | সভাপতি/সম্পাদক, ডেইরি ফারমার্স এসোসিয়েশন (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫ | ভেটেরিনারি সার্জন (ভিএস) (সংশ্লিষ্ট উপজেলা; ভিএস্-এর অবর্তমানে এলইও) | সদস্য-সচিব |

২) কমিটি নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে আগ্রহী খামারীদের আবেদনপত্র যাচাই-বাছাই পূর্বক ৩ (তিন) জন খামারীর একটি তালিকা সুপারিশসহ সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবার প্রেরণ করবে এবং

৩) সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্রসমূহ সরেজমিন যাচাই-বাছাই পূর্বক চূড়ান্তভাবে নির্বাচিত উপজেলাভিত্তিক এক জন খামারীর নাম (যাবতীয় তথ্যাদিসহ) চূড়ান্ত অনুমোদনের জন্য পিএমইউ-এলডিডিপিতে প্রেরণ করবে।

**গ) খামার পরিচালনা পদ্ধতিঃ**

১) উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পরামর্শমতে খামার পরিচালনা ও সম্প্রসারণ কার্যক্রম পরিচালিত হবে;

২) খামার সম্প্রসারণের ক্ষেত্রে খামারী তাঁর নিজস্ব অর্থায়নে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পরামর্শ অনুযায়ী স্থানীয় বাজার/খামার থেকে মানসম্মত সংকর জাতের বকনা/গাভী সংগ্রহ করবেন;

৩) গরু ক্রয়ের সময় টিকা ও কৃমিনাশক প্রয়োগের তথ্য সংগ্রহ করতে হবে। গরু ক্রয়ের পর গরুর স্বাস্থ্য পরীক্ষা ভেটেরিনারিয়ানের মাধ্যমে পরীক্ষা করাবেন। স্বাস্থ্য পরীক্ষা ও প্রদত্ত চিকিৎসার তথ্য প্রাণিস্বাস্থ্য কার্ডে/রেজিষ্টারে অবশ্যই লিপিবদ্ধ করতে হবে;

৫) খামারের গরুকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত তালিকামতে সুষমখাদ্য সরবরাহ করবেন;

৬) খামারী উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পরামর্শমতে সকল গরুকে সিডিউল মোতাবেক প্রয়োজনীয় টিকা দিবেন ও কৃমিনাশক খাওয়াবেন এবং কার্ডে/রেজিষ্টারে তথ্য সংরক্ষণ করবেন। ভেটেরিনারিয়ানের পরামর্শ ছাড়া কোন গরুকে এন্টিবায়োটিক ও হরমোন জাতীয় ঔষধ প্রয়োগ করবেন না। প্রয়োজনবোধে এন্টিবায়োটিক ও হরমোন জাতীয় ঔষধ ব্যবহার করলে তার দুধ ৫ দিন পর্যন্ত ব্যবহার করা যাবে না;

৯) খামারে গবাদিপশুর লালন-পালন সংক্রান্ত তথ্য রাখার জন্য দৈনিক খাদ্য সরবরাহ রেজিষ্টার, প্রজনন রেজিষ্টার, টিকা ও চিকিৎসা প্রদান রেজিষ্টার, আয়-ব্যায়ের হিসাব রেজিষ্টার সুষ্ঠুভাবে সংরক্ষণ করবেন এবং সকল তথ্য নিয়মিত লিপিবদ্ধ করবেন;

১০) গরুর সেড ও আঙ্গিনা এবং খামারে ব্যবহৃত যন্ত্রপাতি সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন ও জীবানুমুক্ত রাখবেন;

১১) ডেইরি খামারে মানসম্পন্ন দুধ উৎপাদনের জন্য স্বাস্থ্যবিধি মেনে দুধ দোহন, সংরক্ষণ ও পরিবহন করতে হবে;

১২) খামারের জীব-নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখতে হবে এবং এ ব্যাপারে খামারী সর্বদা সচেষ্ট থাকবেন;

১৩) খামারের নাম ও তথ্য সম্বলিত সাইনবোর্ড খামারের দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে (নমুনা সংযুক্ত);

১৪) খামারী এলডিডিপি আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ অনুষ্ঠান আয়োজনে সহায়তা করবেন;

১৫) খামারী স্থানীয় প্রাণিসম্পদ দপ্তরের অনুমতি বা পরামর্শ ব্যতিরেকে খামারের গরু বিক্রয় করবেন না;

১৬) প্রদর্শনী খামার স্থাপনে এলডিডিপি-এর সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় উপকরণ ও কারিগরী সহায়তা প্রদান করা হবে;

১৭) খামারের সার্বিক নিরাপত্তা ও রক্ষনাবেক্ষণ খামারীকেই করতে হবে এবং প্রকল্প সহায়তা প্রত্যাহারের পরও তা চলমান রাখতে হবে;

১৮) প্রদর্শনী খামারটি কোনক্রমেই অন্যত্র বিক্রয়/লিজ/হস্তান্তর করা যাবে না। ইহা খামারী ও প্রকল্পের সমন্বিত কার্যক্রম হিসেবে বিবেচিত হবে;

১৯) সংশ্লিষ্ট উপজেলার উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাসহ কর্মরত এলইও/এলএফএ/এলএসপি কর্তৃক খামার ব্যবস্থাপনা গাইডলাইন অনুসারে যথাযথ ভাবে পালন হচ্ছে কি-না তা তদারকি করবেন এবং প্রদত্ত উপকরণ ও সরঞ্জামাদির ব্যবহার নিশ্চিত করবেন;

২০) খামারী কোন কারণে (উপযুক্ত কারণ ব্যতিরেকে) খামার পরিচালনায় ব্যর্থ হলে তাকে প্রকল্প কর্তৃক প্রদত্ত সমুদয় সহযোগিতার সমপরিমান মূল্য ফেরত দিতে হবে; এবং

২১) প্রদর্শনী ডেইরি খামার স্থাপনের জন্য প্রয়োজনীয় উপকরণ ও সরঞ্জামাদি সংগ্রহ, সরবরাহ এবং বিতরণ ব্যবস্থাপনা সংক্রান্ত সার্বিক ক্ষমতা প্রকল্প সংরক্ষণ করবে।

**ঘ) প্রাণিসম্পদ প্রযুক্তিসমুহ ব্যবহারের জন্য প্রশিক্ষণ ও অনুশীলনঃ**

প্রকল্প'র সংস্থান অনুযায়ী প্রযুক্তি ব্যবহারে খামারীকে প্রশিক্ষণ, উপকরণ ও কারিগরী সহায়তা প্রদান করা হবে। প্রদর্শনী খামারে নিম্নোক্ত প্রযুক্তি/ব্যবস্থাপনা অনুশীলন করা হবে-

১) সেডের তাপমাত্রা ও জলীয়বাষ্প নিয়ন্ত্রণকল্পে বৈদ্যুতিক পাখার ব্যবহার;

২) সঠিক ভাবে খামারের বর্জ্য ব্যবস্থপনা;

৩) সুষম খাদ্য ও পুষ্টি ব্যবস্থাপনা;

৪) গবাদিপশুর নিয়মিত স্বাস্থ্য বিধি অনুশীলন;

৫) নিরাপদ ও স্বাস্থ্যসম্মত দুধ উৎপাদন কৌশল অনুসরণ;

৬) গর্ভবতী গাভী ও সদ্যজাত বাছুরের যত্ন ও ব্যবস্থাপনা;

৭) দুগ্ধবতী গাভীর ওলান ব্যবস্থাপনা ও ম্যাস্টাইটিস প্রতিরোধ;

৮) পুষ্টি উন্নয়নে ইউরিয়া মোলাসেস স্ট্র এর যথাযথ ব্যবহার;

৯) ইউরিয়া মোলাসেস ব্লক এর ব্যবহার;

১০) উন্নতজাতের ঘাস (ফডার) উৎপাদন;

১১) ফডার সাইলেজ তৈরী এবং ব্যবহার;

১২) বায়োগ্যাস প্লান্টের ব্যবহার ও স্লারী ব্যবস্থাপনা;

১৩) জৈব সার/ভার্মি কম্পোষ্ট উৎপাদন এবং

১৪) রোগ প্রতিরোধে টিকা প্রদান সিডিউল, কৃমিনাশক ব্যবহার, নিয়মিত স্বাস্থ্য পরিচর্যা এবং সুষ্ঠু খামার ব্যস্থাপনা।

**ঙ) প্রদর্শনী খামারে প্রযুক্তি সম্প্রসারণে মাঠ দিবস/কৃষক সমাবেশ অনুষ্ঠানঃ**

প্রাণিসম্পদ প্রযুক্তি সম্প্রসারণে এলাকাবাসী এবং দুগ্ধ উৎপাদনকারী দলের কৃষক/খামারীদের নিয়ে প্রদর্শনী খামার প্রাঙ্গণে প্রতি ৩/৪ মাস অন্তর ১টি মাঠ দিবস/খামারী সমাবেশ অনুষ্ঠিত হবে। প্রকল্পের আওতায় প্রদর্শনী খামারের আঙ্গিনায় মাঠ দিবস/কৃষক সমাবেশ অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট খামারী নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করবেন-

- প্রতিটি সমাবেশে/মাঠ দিবসে ১৫-২০ জন উদ্ভাবনী খামারী অংশগ্রহণ করবেন;
- সমাবেশের পূর্বে প্রাণিসম্পদ দপ্তরের কর্মকর্তা/মাঠ সহকারী/এলসপি খামারীর সঙ্গে সাক্ষাৎ করবেন এবং প্রদর্শনী আয়োজনের পূর্বে প্রশিক্ষণ/সংক্ষিপ্ত ব্রিফিং প্রদান করবেন;
- প্রদর্শনী খামার পরিচালনাকারী মাঠ দিবস/কৃষক সমাবেশ অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করবেন;
- মাঠ দিবস/সমাবেশের দিন আগত অতিথি/কৃষক/খামারীদের প্রদর্শনী স্থানে বসার ব্যবস্থা করবেন এবং পদ্ধতি/প্রদর্শনীর ফলাফল ব্যাখ্যা করবেন। এলইও/মাঠ সহকারী/এলসপি এ ব্যাপারে সহায়তা প্রদান করবেন;
- মাঠ দিবস/প্রদর্শনীর জন্য একটি রেজিষ্টার সংরক্ষণ করতে হবে, যেখানে প্রদর্শনী/মাঠ দিবস বাস্তবায়ন সম্পর্কিত সব ধরণের তথ্য যথা- মাঠ দিবস আয়োজনের তারিখ, স্থান ও সময়, আয়োজন পদ্ধতি, উপস্থিতি, ব্যবহৃত উপকরণ, খামার পরিচালনায় উদ্ভূত সমস্যা ও উত্তরণের উপায়, ফলাফল, আয়-ব্যয়, প্রদর্শনী পরিদর্শনকারীর পর্যবেক্ষণ ও পরামর্শ ইত্যাদি লিপিবদ্ধ করতে হবে;

○ প্রকল্পের মাঠ কর্মী/এলএসপি প্রতিটি প্রদর্শনীর ছবি তুলে রাখবেন। ছবির নিচে উক্ত প্রদর্শনীর তারিখ, স্থান ও খামারীর পরিচিতি উল্লেখ পূর্বক ছবিগুলি উপজেলায় সংরক্ষণসহ এলডিডিপিতে প্রেরণ করবেন;

○ এলডিডিপি কর্তৃক প্রতিটি প্রদর্শনী/মাঠ দিবস পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে; এবং

○ এলডিডিপি থেকে সমাবেশ অনুষ্ঠানের জন্য সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় উপকরণ ও কারিগরী সহায়তা প্রদান করা হবে।

**(চ) চুক্তি স্বাক্ষরঃ**

প্রদর্শনী খামার স্থাপন ও পরিচালনা সংক্রান্ত বর্ণিত সকল নিয়মাবলীর আলোকে নির্বাচিত খামারী এবং প্রকল্পের পিএমইউ/পিআইইউ এর মধ্যে একটি চুক্তিনামা (পরিশিষ্ট-ক) স্বাক্ষরিত হবে। চুক্তিপ্রত্রের জন্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প (৩০০.০০ টাকা মূল্যমান)-এ বর্ণিত শর্তাবলী বিশেষভাবে উল্লেখ করে চুক্তিনামায় উভয়পক্ষ (১ম পক্ষ ও ২য় পক্ষ) স্বাক্ষর করে সংরক্ষণ করবেন।

উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) থেকে যারা প্রদর্শনী খামার স্থাপনের জন্য মনোনীত হয়ে প্রয়োজনীয় সহায়তা পাবেন তারা প্রকল্প প্রদত্ত নিয়ম মোতাবেক স্বাস্থ্যসম্মতভাবে খামারের সকল কর্মকান্ড পরিচালনা ও বাস্তবায়ন করবেন এবং ইহা অন্যান্য খামারীগণের জানা ও শেখার জন্য উন্মুক্ত থাকবে।

**(ছ) প্রদর্শনী খামারের সাইনবোর্ড (নমুনা):**

জণগণের অবগতির জন্য দৃষ্টগোচর হয় এমন স্থানে খামারের (নমুনা অনুসারে) সাইনবোর্ড লাগাতে হবে। প্রদর্শনীর জন্য সাইন বোর্ড যেভাবে প্রস্তুত করতে হবে (নমুনা)-

| | **ডেইরি প্রদর্শনী খামার** | | |
|---|---|---|---|
| ০১ | **খামারের নাম** | : | |
| ০২ | **খামারি/কৃষকের নাম** | : | |
| ০৩ | **ঠিকানা** | : | গ্রামঃ-------------------------; ইউনিয়নঃ-------------------------<br>উপজেলাঃ-------------------; জেলাঃ---------------------------- |
| ০৪ | **খামারে ব্যবহৃত উল্লেখযোগ্য প্রযুক্তির নাম** | : | (ক)<br>(খ)<br>(গ)<br>(ঘ) |
| ০৫ | **খামার স্থাপনের তারিখ** | : | |
| | **বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল,-----**<br>**সহযোগিতায়ঃ প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প**<br>**প্রাণিসম্পদ অধিদপ্তর**<br>**মৎস্য ও প্রণিসম্পদ মন্ত্রণালয়**<br>LDDP THE WORLD BANK | | |

ড. এবিএম মুস্তানুর রহমান
উপ-প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর ফার্মগেট ঢাকা

মোঃ আব্দুর রহিম
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর ফার্মগেট ঢাকা